

এসএমই এন্ড স্পেশাল প্রোগ্রামস্ বিভাগ

বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়, ঢাকা

ডাকবাক্স নং-৩২৫

www.bb.org.bd

এসএমইএসপিডি সার্কুলার নং-০১

তারিখ: ১৪ কার্তিক ১৪২০
২৯ অক্টোবর ২০১৩

ব্যবস্থাপনা পরিচালক/নির্বাহী প্রধান

বাংলাদেশের সকল তফসিলী ইসলামী ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহ

প্রধান কার্যালয়

প্রিয় মহোদয়,

‘কৃষিজাতপণ্য প্রক্রিয়াকরণের জন্য মফস্বলভিত্তিক শিল্প স্থাপন’ ও ‘ক্ষুদ্র উদ্যোক্তা (নারী উদ্যোক্তাসহ)’ খাতে ইসলামী শরিয়াহ্ ভিত্তিক অর্থায়নের বিপরীতে তহবিল সহায়তা প্রদান প্রসঙ্গে।

দেশের গ্রামাঞ্চলে কর্মসংস্থান সৃষ্টি ও দারিদ্র বিমোচনের লক্ষ্যে কৃষিভিত্তিক শিল্প স্থাপন এবং ক্ষুদ্র উদ্যোক্তা সৃষ্টির মাধ্যমে দেশের শিল্প উন্নয়নকে সুসম ও সংগঠিত করতে বাংলাদেশ ব্যাংক তফসিলী ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহকে তহবিল সহায়তা সুবিধা প্রদান করে আসছে। এসএমই খাতের উন্নয়ন ও প্রসার এবং সর্বোপরি শিল্পায়নে ইসলামী শরিয়াহ্ ভিত্তিতে পরিচালিত ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহের অবদানকে আরো সুসংহত করার নিমিত্তে ইসলামী শরিয়াহ্ নীতিমালার সাথে সামঞ্জস্য রেখে বাংলাদেশ ব্যাংক কর্তৃক ‘কৃষিজাতপণ্য প্রক্রিয়াকরণের জন্য মফস্বলভিত্তিক শিল্প স্থাপন’ এবং ‘ক্ষুদ্র উদ্যোক্তা (নারী উদ্যোক্তাসহ)’ খাতে অর্থায়নের বিপরীতে তহবিল সহায়তা প্রদান করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে। উল্লিখিত তহবিল সহায়তা স্কীম এর অধীনে ইসলামী শরিয়াহ্ ভিত্তিতে পরিচালিত ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহ নিম্নোক্ত শর্তে অর্থায়নের বিপরীতে তহবিল সহায়তা গ্রহণ করতে পারবে:

(ক) সাধারণ নিয়মাবলী:

১. তহবিল সহায়তা গ্রহণে আগ্রহী ইসলামী শরিয়াহ্ ভিত্তিতে পরিচালিত ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহকে এসএমই এন্ড স্পেশাল প্রোগ্রামস্ বিভাগ, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়ের সাথে একটি অংশগ্রহণ চুক্তি (Participation Agreement) সম্পাদন করতে হবে।
২. তহবিল সুবিধা গ্রহণের জন্য অংশগ্রহণকারী প্রতিষ্ঠানসমূহ তাঁদের নিজস্ব Books of Accounts এ মুদারাবা সঞ্চয়ী হিসাবের আদলে Mudaraba Fund Account (MFA) নামে একটি হিসাব চালু করবে। MFA/মুদারাবা সঞ্চয়ী হিসাব এর বিদ্যমান মুনাফার হারে বাংলাদেশ ব্যাংক তহবিল সহায়তা প্রদান করবে।
৩. বাংলাদেশ ব্যাংক তহবিল সুবিধা প্রদান করে পূর্বতন প্রাপ্তিকে ঘোষিত MFA/মুদারাবা সঞ্চয়ী হিসাবের প্রতিশ্রুত মুনাফার হারে তহবিল সহায়তা গ্রহণকারী ব্যাংকসমূহ হতে মুনাফা আদায় করবে। বৎসরান্তে, MFA এর চূড়ান্ত মুনাফার হারের সাথে আদায়কৃত মুনাফার পরিমাণ সমন্বয় করা হবে। তহবিল সহায়তা গ্রহণের জন্য অংশগ্রহণকারী প্রতিষ্ঠানসমূহ এ লক্ষ্যে তাঁদের মুদারাবা সঞ্চয়ী হিসাবের প্রতিশ্রুত মুনাফার হার বাংলাদেশ ব্যাংককে ত্রৈমাসিক ভিত্তিতে অবহিত করবে। প্রতিশ্রুত মুনাফার হার ব্যাংক রেট এর নিচে হলে সংশ্লিষ্ট অংশগ্রহণকারী প্রতিষ্ঠান তহবিল সহায়তা গ্রহণের জন্য যোগ্য বলে বিবেচিত হবে না।
৪. তহবিল সহায়তা প্রাপ্তির জন্য সকল অংশগ্রহণকারী প্রতিষ্ঠানকে বাংলাদেশ ব্যাংক কর্তৃক জারীকৃত “Guidelines for Islamic Banking”, “Prudential Regulations for Banks” ও “Prudential Regulations for Financial Institutions” এবং অন্যান্য প্রযোজ্য নীতিমালা যথাযথভাবে পালন করতে হবে।

৫. বিনিয়োগ গ্রহীতা নির্বাচন, বিনিয়োগ মঞ্জুরী, বিতরণ, দলিল সম্পাদন, ডেট-ইকুইটি অনুপাত, মার্জিন, বিনিয়োগের বিপরীতে বীমাকরণ, বিনিয়োগের সদ্যবহার ও তদারকীর ব্যাপারে বিনিয়োগ প্রদানকারী ইসলামী ব্যাংকসমূহের নিজস্ব বিধি-বিধান, শরীয়াহ নীতিমালা ও ব্যাংকার-গ্রাহক সম্পর্কের ভিত্তিতে নির্ধারিত হবে। বিতরণকৃত বিনিয়োগ আদায়ের সকল দায়-দায়িত্ব বিনিয়োগকারী অংশগ্রহণকারী প্রতিষ্ঠানের উপর ন্যস্ত থাকবে।
৬. অংশগ্রহণকারী প্রতিষ্ঠান বিনিয়োগ অনুমোদনের কপি, গ্রাহক কর্তৃক প্রদত্ত Acceptance Letter ও অন্যান্য প্রয়োজনীয় কাগজপত্রসহ মাসিক ভিত্তিতে অনুমোদিত বিনিয়োগের বিপরীতে তহবিল সহায়তার জন্য বাংলাদেশ ব্যাংকে আবেদন করতে পারবে। প্রতি মাস শেষে পরবর্তী মাসের ৫ম কার্যদিবসে বাংলাদেশ ব্যাংকে তহবিল সহায়তার জন্য আবেদন দাখিল করতে হবে। তবে শর্ত থাকে যে, তহবিল সহায়তার জন্য বাংলাদেশ ব্যাংকে আবেদনের তারিখ থেকে ৩৫ দিন পূর্বে প্রদত্ত বিনিয়োগ অনুমোদন তহবিল সহায়তা সুবিধা প্রদানের জন্য বিবেচনা করা হবে না।
৭. তহবিল সহায়তা গ্রহণের সময় অংশগ্রহণকারী প্রতিষ্ঠানসমূহ কর্তৃক গ্রাহক পর্যায়ে বিনিয়োগ বিতরণ করার সম্ভাব্য তারিখ দাখিলকৃত বিবরণীতে উল্লেখ করতে হবে। বাংলাদেশ ব্যাংক হতে তহবিল সহায়তা প্রাপ্তির ৫ (পাঁচ) কর্মদিবসের মধ্যে গ্রাহকের হিসাবে বিনিয়োগের অর্থ জমা করতে হবে। যদি ৫ (পাঁচ) কর্মদিবসের মধ্যে গ্রাহকের হিসাবে বিনিয়োগের অর্থ জমা করা না যায় তাহলে পরবর্তী ৩ (তিন) কর্মদিবসের মধ্যে বাংলাদেশ ব্যাংককে অবহিত করতে হবে এবং বাংলাদেশ ব্যাংক সংশ্লিষ্ট বিনিয়োগের অর্থ প্রযোজ্য দিনসমূহের মুনাফাসহ ফেরত গ্রহণ করবে।
৮. আলোচ্য তহবিল সহায়তা গ্রহণে ইচ্ছুক অংশগ্রহণকারী প্রতিষ্ঠানসমূহকে তহবিল সহায়তা গ্রহণের প্রাক্কালে প্রতিটি ক্ষেত্রে প্রতিশ্রুতিপত্র (Demand Promissory Note) প্রদান করতে হবে।
৯. ফেরতসূচী অনুযায়ী মুনাফাসহ তহবিল সহায়তা বাবদ প্রদত্ত অর্থের কিস্তি নির্ধারিত তারিখে বাংলাদেশ ব্যাংকের মতিঝিল অফিসে রক্ষিত সংশ্লিষ্ট অংশগ্রহণকারী প্রতিষ্ঠানসমূহের চলতি হিসাব থেকে কর্তন করে নেয়া হবে।
১০. তহবিল সহায়তা বাবদ গৃহীত অর্থের সদ্যবহার সম্পর্কে বাংলাদেশ ব্যাংকের চাহিদা মোতাবেক সময়ে সময়ে প্রয়োজনীয় তথ্য/ বিবরণী অংশগ্রহণকারী প্রতিষ্ঠানসমূহ সংরক্ষণ ও সরবরাহ করবে।
১১. ভুল তথ্য প্রদানের মাধ্যমে কোন অংশগ্রহণকারী প্রতিষ্ঠান আলোচ্য তহবিলের আওতায় তহবিল সহায়তা গ্রহণ করলে উক্ত রূপে গৃহীত অর্থ মুদারাবা সঞ্চয়ী হিসাবের প্রচলিত মুনাফার দ্বিগুণ হারে মুনাফাসহ বাংলাদেশ ব্যাংকের মতিঝিল অফিসে রক্ষিত সংশ্লিষ্ট অংশগ্রহণকারী প্রতিষ্ঠানের চলতি হিসাব বিকলনপূর্বক এককালীন ফেরত নেয়া হবে।
১২. আলোচ্য তহবিল সহায়তা সুবিধাসমূহ অত্র সার্কুলার জারীর পরে অনুমোদিত বিনিয়োগের ক্ষেত্রেই কেবলমাত্র প্রযোজ্য হবে।
১৩. আলোচ্য তহবিলসমূহের আওতায় তহবিল সহায়তা সুবিধা গ্রহণে আগ্রহী ইসলামী ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহকে এ মর্মে আবশ্যিক চুক্তিপত্র, প্রতিশ্রুতিপত্র ও তহবিল সহায়তা গ্রহণের আবেদনপত্র ইত্যাদির নমুনা বাংলাদেশ ব্যাংকের এসএমই এন্ড স্পেশাল প্রোগ্রামস্ বিভাগ থেকে সংগ্রহ করতে হবে।

(খ) কৃষিজাতপণ্য প্রক্রিয়াকরণের জন্য মফস্বলভিত্তিক শিল্প স্থাপনে তহবিল সহায়তা গ্রহণের শর্তাবলী:

১৪. এ স্কীমের আওতায় অংশগ্রহণকারী প্রতিষ্ঠান কর্তৃক বিনিয়োগের বিপরীতে ১০০% তহবিল সুবিধা প্রদান করা হবে।
১৫. কৃষিভিত্তিক শিল্প প্রতিষ্ঠানটিকে বিভাগীয় সদর ও নারায়নগঞ্জ শহরের বাইরে অবস্থিত হতে হবে।
১৬. কৃষিভিত্তিক শিল্প প্রতিষ্ঠানটির স্থায়ী সম্পদের (ভূমি ও ইমারত ব্যতীত) পরিমাণ সর্বোচ্চ ১০ কোটি টাকা হতে হবে।
১৭. এ স্কীমের আওতায় তহবিল সুবিধা চলতি মূলধন, মধ্যম মেয়াদী ও দীর্ঘ মেয়াদী বিনিয়োগের ক্ষেত্রে প্রযোজ্য হবে। চলতি মূলধন বিনিয়োগের মেয়াদ ১ বৎসর, মধ্যম মেয়াদী বিনিয়োগের মেয়াদ ৩ বৎসর এবং দীর্ঘ মেয়াদী বিনিয়োগের মেয়াদ ৫ বৎসর হতে হবে।

১৮. এ স্কীমের আওতায় গ্রাহক পর্যায়ে বিনিয়োগের বিপরীতে গৃহীত মুনাফার হার প্রচলিত ব্যাংক রেট (বর্তমানে ৫%) ও মুদারাবা সঞ্চয়ী হিসাবের গড় মুনাফার হার এর যোগফলের চেয়ে বেশি হবে না।

১৯. এ স্কীমের আওতায় অংশগ্রহণকারী প্রতিষ্ঠানসমূহ কর্তৃক তহবিল সহায়তা বাবদ গৃহীত অর্থ নিম্নরূপভাবে ফেরতযোগ্য হবে:

- (১) চলতি মূলধন বিনিয়োগ: তহবিল সহায়তা গ্রহণের তারিখ হতে ১ বৎসর পূর্তিতে মুনাফাসহ এককালীন ফেরতযোগ্য।
- (২) মধ্যম মেয়াদী বিনিয়োগ: প্রযোজ্য ক্ষেত্রে রেয়াতী সময়সহ তহবিল সহায়তা গ্রহণের তারিখ হতে সমান ত্রৈমাসিক কিস্তিতে মুনাফাসহ সর্বোচ্চ ৩ বৎসরের মধ্যে ফেরতযোগ্য।
- (৩) দীর্ঘ মেয়াদী বিনিয়োগ: প্রযোজ্য ক্ষেত্রে রেয়াতী সময়সহ তহবিল সহায়তা গ্রহণের তারিখ হতে সমান ত্রৈমাসিক কিস্তিতে মুনাফাসহ সর্বোচ্চ ৫ বৎসরের মধ্যে ফেরতযোগ্য।
- (৪) রেয়াতী সময়: হিসাবায়নের সুবিধার্থে রেয়াতী সময় ৩ এর গুণিতক হিসাবে ৩ মাস অথবা ৬ মাস সময় প্রদান করা যেতে পারে। উদাহরণ: ৩ বছর মেয়াদী বিনিয়োগে রেয়াতী সময় প্রদান করা না হলে প্রদানকৃত তহবিল সহায়তা সমান ১২ কিস্তিতে ফেরতযোগ্য। উক্ত বিনিয়োগে ৩ মাস রেয়াতী সময় প্রদান করা হলে মোট ১১ কিস্তিতে ফেরতযোগ্য হবে। এক্ষেত্রে তহবিল সহায়তার তারিখ হতে ৬ মাস পূর্তিতে ১ম কিস্তি ফেরতযোগ্য হবে এবং ত্রৈমাসিক কিস্তি ভিত্তিতে তহবিল ফেরত নেয়া হবে।

২০. এ তহবিলের আওতায় ৩১ জুলাই ২০১২ তারিখে জারীকৃত এসএমইএসপিডি সার্কুলার লেটার নং-১ এর সংযোজনী 'ক'-তে বর্ণিত কৃষিভিত্তিক শিল্পের তালিকায় বর্ণিত খাতসমূহে বিনিয়োগ তহবিল সুবিধা প্রদানের জন্য বিবেচিত হবে।

(গ) ক্ষুদ্র উদ্যোক্তা খাতে তহবিল সহায়তা গ্রহণের শর্তাবলী:

২১. ১৯ জুন ২০১১ তারিখে জারীকৃত এসএমইএসপিডি সার্কুলার নং-১ এ বর্ণিত সংজ্ঞানুসারে এ তহবিলের আওতায় শিল্প, সেবা ও ব্যবসা খাতে কুটির, মাইক্রো ও ক্ষুদ্র শিল্প উদ্যোগ এ স্কীমের আওতায় বিনিয়োগের জন্য যোগ্য বিবেচিত হবে।

২২. অংশগ্রহণকারী প্রতিষ্ঠানসমূহকে তাঁদের অনুমোদিত চলতি মূলধন ও মেয়াদী বিনিয়োগের বিপরীতে একক ক্ষেত্রে ১০ হাজার টাকা থেকে সর্বোচ্চ ৫০ লক্ষ টাকা পর্যন্ত বিনিয়োগের বিপরীতে বাংলাদেশ ব্যাংক কর্তৃক সর্বোচ্চ ১০০% তহবিল সহায়তা সুবিধা দেয়া হবে।

২৩. অংশগ্রহণকারী প্রতিষ্ঠানসমূহ গ্রাহক পর্যায়ে ব্যাংকার-গ্রাহক সম্পর্কের নিরীখে বিনিয়োগের উপর বাজার ভিত্তিক মুনাফা হার/মার্ক-আপ আরোপ করবে। তবে সামাজিক কল্যাণের বিষয়টিকে সর্বোচ্চ গুরুত্ব দিয়ে অত্র তহবিল সহায়তার আওতায় প্রদত্ত বিনিয়োগসমূহে গ্রাহকের নিকট হতে আদায়কৃত মুনাফার হার সর্বনিম্ন মাত্রায় রাখার প্রচেষ্টা অংশগ্রহণকারী প্রতিষ্ঠানসমূহকে অব্যাহত রাখতে হবে।

২৪. গ্রাহক নারী উদ্যোক্তা হলে অগ্রাধিকারভিত্তিতে অত্র তহবিলের আওতায় অংশগ্রহণকারী প্রতিষ্ঠানসমূহকে তহবিল সহায়তা প্রদান করা হবে এবং এক্ষেত্রে বিনিয়োগের মুনাফার হার/মার্ক-আপ প্রচলিত ব্যাংক রেট (বর্তমানে ৫%) ও মুদারাবা সঞ্চয়ী হিসাবের গড় মুনাফার হার এর যোগফলের চেয়ে বেশি হতে পারবে না।

২৫. এক বছর মেয়াদী চলতি মূলধন, সর্বোচ্চ ৩ বছর পর্যন্ত মধ্য মেয়াদী বিনিয়োগ ও সর্বোচ্চ ৫ বছর মেয়াদী দীর্ঘ মেয়াদী বিনিয়োগে এ তহবিলের আওতায় অর্থায়ন করা যাবে। আলোচ্য তহবিলের আওতায় অংশগ্রহণকারী প্রতিষ্ঠানসমূহ কর্তৃক তহবিল সহায়তা বাবদ গৃহীত অর্থ নিম্নরূপভাবে ফেরতযোগ্য হবে:

- (১) চলতি মূলধন বিনিয়োগ: তহবিল সহায়তা গ্রহণের তারিখ হতে ১ বৎসর পূর্তিতে মুনাফাসহ এককালীন ফেরতযোগ্য।

- (২) মধ্যম মেয়াদী বিনিয়োগ: প্রযোজ্য ক্ষেত্রে রেয়াতী সময়সহ তহবিল সহায়তা গ্রহণের তারিখ হতে সমান ত্রৈমাসিক কিস্তিতে মুনাফাসহ সর্বোচ্চ ৩ বৎসরের মধ্যে ফেরতযোগ্য।
- (৩) দীর্ঘ মেয়াদী বিনিয়োগ: প্রযোজ্য ক্ষেত্রে রেয়াতী সময়সহ তহবিল সহায়তা গ্রহণের তারিখ হতে সমান ত্রৈমাসিক কিস্তিতে মুনাফাসহ সর্বোচ্চ ৫ বৎসরের মধ্যে ফেরতযোগ্য।
- (৪) রেয়াতী সময়: হিসাবায়নের সুবিধার্থে রেয়াতী সময় ৩ এর গুণিতক হিসাবে ৩ মাস অথবা ৬ মাস সময় প্রদান করা যেতে পারে। উদাহরণ: ৩ বছর মেয়াদী বিনিয়োগে রেয়াতী সময় প্রদান করা না হলে প্রদানকৃত তহবিল সহায়তা সমান ১২ কিস্তিতে ফেরতযোগ্য। উক্ত বিনিয়োগে ৩ মাস রেয়াতী সময় প্রদান করা হলে মোট ১১ কিস্তিতে ফেরতযোগ্য হবে। এক্ষেত্রে তহবিল সহায়তার তারিখ হতে ৬ মাস পূর্তিতে ১ম কিস্তি আদায় হবে এবং ত্রৈমাসিক কিস্তি ভিত্তিতে তহবিল ফেরত নেয়া হবে।
২৬. শস্য ও মৎস্য উৎপাদনের জন্য প্রদত্ত বিনিয়োগ, কনজুমার বিনিয়োগ ও ব্যক্তিগত বিনিয়োগের ক্ষেত্রে এ তহবিল সহায়তা সুবিধা প্রযোজ্য হবে না।

অনুগ্রহপূর্বক প্রাপ্তি স্বীকার করবেন।

আপনাদের বিশ্বস্ত,



(সুকোমল সিংহ চৌধুরী)

মহাব্যবস্থাপক

ফোন: ৯৫১১৩২০